

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক শাখা-৪
www.mhpsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-১৪৫


তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

প্রজ্ঞাপন

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ এর ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ০৮ মে ২০২৪, ২১ মে ২০২৪, ২৯ মে ২০২৪ এবং ০৫ জুন ২০২৪ তারিখ যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ পর্বের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে The Arms Act, 1878 (Act XI of 1878)-এর ধারা ১৭ (ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ভোটগ্রহণ পূর্ববর্তী ০৭ (সাত) দিন হতে ভোটগ্রহণের পরবর্তী ০৭ (সাত) দিন পর্যন্ত অস্ত্রের লাইসেন্সধারীগণের অস্ত্রসহ চলাচল, অস্ত্র বহন ও প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হলো।

২। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(ইসরাত জাহান)

উপসচিব

ফোন: ০২-৫৫১০০৯৭৭

dspol4mha@gmail.com

বিতরণ (কার্যার্থে):


- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,..... (সকল)।
- ৩। পুলিশ সুপার,..... (সকল জেলা)।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ সরকারী ফর্মস ও প্রকাশনা অফিস, ঢাকা (গেজেট প্রকাশের অনুরোধসহ)

নং-৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-১৪৫ (১২)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (এ বিষয়ে তাঁর অধিনস্থ সংশ্লিষ্ট সকল পুলিশ সুপার-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক, র‍্যাংক ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার,..... (সকল) (এ বিষয়ে তাঁর অধিনস্থ সকল জেলা ম্যাজিস্ট্রেট-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৭। পুলিশ কমিশনার,..... (সকল)।
- ৮। উপ-পুলিশ মহাপরিদর্শক,..... (সকল রেঞ্জ)।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপসচিব, রাজনৈতিক শাখা-০৬, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(ইসরাত জাহান)
উপসচিব